

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩০৬৪

ا كتاب المناسك على المناسك ا

পরিচ্ছেদঃ ১৯/৭৯. কা'বা ঘরের অভ্যন্তরভাগে প্রবেশ করা

بَابِ دُخُولِ الْكَعْبَةِ

আরবী

حَدَّتَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّتَنَا وَكِيعٌ، حَدَّتَنَا إِسْمَاعِيلُ بْنُ عَبْدِ الْمَلِكِ، عَنِ ابْنِ أَبِي مُلَيْكَةً، عَنْ عَائِشَةَ، قَالَتْ خَرَجَ النَّبِيُّ - صلى الله عليه وسلم - مِنْ عِنْدِي وَهُوَ قَرِيرُ الْعَيْنِ طَيِّبُ النَّفْسِ ثُمَّ رَجَعَ إِلَىَّ وَهُوَ حَزِينٌ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ خَرَجْتَ مِنْ عِنْدِي وَأَنْتَ قَرِيرُ الْعَيْنِ وَرَجَعْتَ وَأَنْتَ عَزِينٌ . فَقَالَ " إِنِّي دَخَلْتُ الْكَعْبَةَ وَوَدِدْتُ أَنِّي لَمْ أَكُنْ فَعَلْتُ إِنِّي الْعَيْنِ وَرَجَعْتَ وَأَنْتَ حَزِينٌ . فَقَالَ " إِنِّي دَخَلْتُ الْكَعْبَةَ وَوَدِدْتُ أَنِّي لَمْ أَكُنْ فَعَلْتُ إِنِّي الْعَيْنِ وَرَجَعْتَ وَأَنْتَ حَزِينٌ . فَقَالَ " إِنِّي دَخَلْتُ الْكَعْبَةَ وَوَدِدْتُ أَنِّي لَمْ أَكُنْ فَعَلْتُ إِنِّي اللهِ عليه وسلم .

বাংলা

২/৩০৬৪। আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার নিকট থেকে আনন্দিত চোখে ও উৎফুল্ল চিত্তে বেরিয়ে গেলেন, কিন্তু বিষণ্ণ অবস্থায় ফিরে এলেন। আমি বললাম, হে আল্লাহর রাসূল! আপনি আমার নিকট থেকে চক্ষু শীতল অবস্থায় বেরিয়ে গেলেন, অথচ দুক্টিন্তাযুক্ত অবস্থায় ফিরে এলেন! তিনি বলেনঃ আমি কা'বা ঘরে প্রবেশ করার পর ভাবলাম, আমি যদি এটা না করতাম! আমার আশক্ষা হচ্ছে যে, আমার পরে আমার উম্মাতের কষ্ট হবে।

English

It was narrated that 'Aishah said:

"The Messenger of Allah () went out delighted, then he came back to me sad. I said: 'O Messenger of Allah, (why did) you go out happy and come back sad?' He said: 'I entered the Ka'bah, and I wish that I had not done that, because I am afraid that I may have caused difficulty for my nation after I am gone.'"

ফুটনোট



তিরমিয়ী ৮৭৩, আবূ দাউদ ২০২৯, যইফাহ ৩৩৪৬, যইফ আবু দাউদ ৩৪৭, যইফ আল-জামি আস-সাগীর ২০৮৫।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ইসমাইল বিন আবদুল মালিক সম্পর্কে আবু জা'ফার আলউকায়লী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায়। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায়
নির্ভরযোগ্য নয়। আবু হাতিম বিন হিব্বান বলেন, তার স্মৃতিশক্তি দুর্বল। আবু দাউদ আস-সাজিসতানী বলেন,
তিনি দুর্বল। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী ও ইবনুল জারুদ বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। ইবনু হাজার
আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। আবদুর রহমান বিন মাহদী তার
হাদিস বর্জন করেছেন। মুক্ষমাদ বিন আম্মার বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৬৪, ৩/১৪১ নং
পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন